ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল।

সভাপতি : জনাব মো: ইসমাইল হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও চিফ ইনোভেশন অফিসার, ভূমি মন্ত্রণালয়।
স্থান : ভূমি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
তারিখ : ২৮/১০/২০২০ খ্রিষ্টাব্দ। সময় : সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত : তালিকা পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য ইনোভেশন অফিসারকে অনুরোধ করেন। সভার আলোচ্যসুচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। আলোচ্যসূচি: গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | সভায় উপস্থিত সকল সদস্য গত সভার সিদ্ধান্ত সঠিক আছে মর্মে জানান। | গত ০৫/০৮/২০২০ তারিখের সভার সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ভূমি মন্ত্রণালয় |

২। আলোচ্যসূচি: গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা।

| ক্রম | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | ১। ভূমি মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা অনুমোদিত হয়; | গত ১৬/০৮/২০২০ তারিখে ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | সম্পন্ন |
| | ২। প্রস্তুতকৃত ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | | |
| ২.২ | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ভূমি মন্ত্রণালয়ের পোর্টালে আপলোড করতে হবে। | গত ১৬/০৮/২০২০ তারিখে ভূমি মন্ত্রণালয়ের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে হালনাগাদকৃত। | সম্পন্ন |
| ২.৩ | ইনোভেশন কর্মপরিকল্পনার সকল অগ্রগতি কার্যক্রমের প্রমাণক নিয়মিত সংরক্ষণ করতে হবে। | ইনোভেশন কর্মপরিকল্পনার সকল অগ্রগতি কার্যক্রমের প্রমাণক নিয়মিত সংরক্ষণ করা হচ্ছে। | সম্পন্ন |

৩। আলোচ্যসূচি- ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন | ১.২ উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/ আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা | কোভিড মহামারি পরিস্থিতি বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে | ১। ভূমি মন্ত্রণালয় এবং সকল সংস্থা/দপ্তর |
| ৩.২ | সক্ষমতা বৃদ্ধি | ৪.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে কর্মশালা/সেমিনারের কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | কোভিড পরিস্থিতি বিবেচনায় নিয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মশালা এবং প্রশিক্ষণের পরিকল্পনা করতে হবে। | ভূমি মন্ত্রণালয় ও সকল সংস্থা/দপ্তর |
| ৩.৩ | উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রম | উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধরণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ | ৩.৩.১ উদ্ভাবনী উদ্যোগসমূহ দাখিলের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৩.৩.২ উদ্ভাবনী উদ্যোগ পাওয়া গেলে তা নির্ধারিত পদ্ধতিতে বাছাই কার্যক্রম করতে হবে। | ভূমি মন্ত্রণালয় ও সকল সংস্থা/দপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ৩.৪ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | ৩.৪.১ মাঠ পর্যায় হতে প্রাপ্ত উদ্ভাবনীসমুহের মধ্যে বাছাইকৃত উদ্যোগের পাইলটিং করতে হবে।<br>৩.৪.২ উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং বাস্তবায়ন হলে তা যথাসময়ে মূল্যায়ন করতে হবে।<br>৩.৪.৩ কমপক্ষে একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়ন করতে হবে। | ভূমি মন্ত্রণালয় ও সকল সংস্থা/দপ্তর |
| ৩.৫ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। | ভূমি মন্ত্রণালয় ও সকল সংস্থা/দপ্তর |
| ৩.৬ | ডকুমেন্টেশন প্রকাশনা | ইনোভেশন কার্যক্রমের সকল স্তরে সকল ডকুমেন্ট সংরক্ষণের বিষয়ে আলোচনা হয় | ইনোভেশনের সকল ডকুমেন্ট সংরক্ষণ করতে হবে। | ভূমি মন্ত্রণালয় ও সকল সংস্থা/দপ্তর |

**৪। আলোচ্যসূচি- উদ্ভাবনী খাতে (কোড নম্বর ৩২৫৭১০৫) বরাদ্দ বিষয়ক আলোচনা।**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | স্ব-স্ব দপ্তর/সংস্থা উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) বাজেট বরাদ্দের প্রাক্কলন প্রদান করবে। | ৪.১.১ উদ্ভাবন পরিকল্পনার আলোকে নির্ধারিত হিসেবে বাজেট বিভাজন করে বাজেট বরাদ্দের জন্য বাজেট ও অডিট শাখার মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে বাজেট প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৪.১.২ স্ব-স্ব দপ্তর/সংস্থা এ বিষয়ে বিধি বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জানাতে হবে।<br>৪.১.৩ চলমান কোভিড পরিস্থিতির বিষয়টি বিবেচনায় নিয়ে বাজেট প্রাক্কলন করতে হবে। | ১। ভূমি মন্ত্রণালয়<br>২। ভূমি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা। |

**৫। আলোচ্যসূচি- বিবিধ আলোচনা**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫ | ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ৫.১ আগামী ডিসেম্বর ২০২০ মাসের মধ্যে স্ব-স্ব দপ্তর/সংস্থা তাদের নিয়ন্ত্রণাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে নির্ধারিত ছকে উদ্ভাবন প্রস্তাব গ্রহণ করতে হবে। | ১। ভূমি মন্ত্রণালয়;<br>২। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর;<br>৩। ভূমি সংস্কার বোর্ড।<br>৪। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র;<br>৫। হিসাব নিয়ন্ত্রক (রাজিস্ব) |
| | | ৫.২ মাঠ পর্যায় হতে প্রাপ্ত উদ্ভাবন প্রস্তাব একত্রিত করে দপ্তর/সংস্থা হতে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| | | ৫.৩ প্রাপ্ত উদ্ভাবন প্রস্তাবসমূহ স্ব-স্ব দপ্তর/ সংস্থার তথ্য বাতায়নে প্রকাশ করে প্রমাণকসহ ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে। | |
| | | ৫.৪ প্রাপ্ত উদ্ভাবন প্রস্তাবসমূহ প্রাপ্তির পর তা যাচাই বাছাই করতে হবে। | |
| | | ৫.৫ বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির সঙ্গে যেহেতু উদ্ভাবন কর্মপরিকল্পনার যোগসূত্র আছে সেহেতু উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে একই রকম গুরুত্ব দিতে হবে। | |

সভাপতি জানান উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে অর্থের সংশ্লিষ্টতা থাকায় উদ্ভাবনী কোডে অর্থ বরাদ্দের বিষয়ে গুরুত্ব দিতে হবে। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন যথাযথভাবে সম্পন্ন ও সূচকের মান আশানুরূপ প্রাপ্তির বিষয়ে সতর্ক থাকতে হবে। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিজেদের মধ্যে একটি ভালো প্রতিযোগিতামূলক মনোভাব তৈরি করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২০২০

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও
চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৫৭.০৬.০২৫.২০-৪৭

তারিখ: ১২ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৪। অতিরিক্ত সচিব (মাঠপ্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫। যুগ্মসচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৭। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (নোটিশ ওয়েবসাইটে প্রকাশসহ প্রাপকগণের নিকট মেইলে প্রেরণের জন্য)।
১০। অফিস কপি।

২৮/১০/২০

(মো: দৌলতুজ্জামান খাঁন)
সেলপ্রধান (উপসচিব)
ভূমিসেবা ডিজিটাইজেশন মনিটরিং সেল
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম